
দৈনিক জনকণ্ঠ

তারিখ ...
পৃষ্ঠা ৭ কলাম ৬



*কিশোরগঞ্জ : ইটনা উপজেলার গাজীপুর ইউনিয়নের বয়রা সরকারী প্রাথমিক বিদ্যালয় ভবন পরিত্যক্ত অবস্থায় পড়ে আছে* —জনকণ্ঠ

# কিশোরগঞ্জের হাওড় অঞ্চলের পাঁচ প্রাথমিক স্কুলের অবস্থা বেহাল

নিজস্ব সংবাদদাতা, *কিশোরগঞ্জ থেকে*

জেলার ইটনা উপজেলার গাজীপুর ইউনিয়নের ৫টি সরকারী প্রাইমারি স্কুলের ওপর এক সমীক্ষণে হাওড় অঞ্চলের প্রাথমিক শিক্ষার বেহাল অবস্থা ধরা পড়েছে। ৫টি স্কুলে মোট দেড় হাজার ছাত্রছাত্রীর জন্য শিক্ষক রয়েছেন মাত্র সাত জন। অন্যদিকে একটি স্কুলে মাত্র প্রধান শিক্ষকই আছেন। ৪টি স্কুল চালান সহকারী শিক্ষক। শিক্ষক সঙ্কটের পাশাপাশি রয়েছে বিদ্যালয় গৃহের তীব্র সমস্যা। সব ক'টি স্কুলের অবস্থা জরাজীর্ণ। গাজীপুর ইউনিয়নের চেয়ারম্যান একেএম শাহজাহান ইয়ার চৌধুরী এ প্রতিনিধিকে জানান, ১৯৯৮ সালের বন্যায় এ ইউনিয়নের সব ক'টি স্কুলের মারাত্মক ক্ষতি সাধিত হয়। কিন্তু এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে দৃষ্টি আকর্ষণ পত্র দিয়েছেন। কিন্তু এ পর্যন্ত কোন কর্তৃপক্ষের টনক নড়েনি। গাজীপুর ইউনিয়নের দরজা-জানালা ও আসবাবপত্রবিহীন বয়রা সরকারী প্রাথমিক বিদ্যালয়টি পরিত্যক্ত অবস্থায় পড়ে আছে। স্কুলের সামনে কৃষকরা সবজির মাচাং তৈরি করেছে। কাগজেকলমে এ স্কুলের ছাত্র সংখ্যা ২৭৫ জন এবং শিক্ষক ১ জন, দাউদপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র সংখ্যা ৩০১ জন। প্রধান শিক্ষকসহ শিক্ষক সংখ্যা ২ জন। এ স্কুল ভবন ধসে পড়ছে। ইতোমধ্যে স্কুল ভবনের সামনের দেয়াল বিলীন এবং পিলারের নিচের মাটি সরে গেছে। অবশিষ্ট ভবনটি কাত হয়ে আছে। এদিকে গাজীপুর স্কুলের অবস্থা আরও শোচনীয়। এ স্কুলে ছাত্র সংখ্যা ২৫০ জন, শিক্ষক সংখ্যা ২ জন। জরাজীর্ণ টিনের স্কুল গৃহ। কোন আসবাবপত্র নেই। স্বাধীনতার পর থেকেই এ অবস্থায়ই রয়েছে। একমাত্র সচল স্কুল পাঁচহাট প্রাইমারি স্কুল। এ স্কুলে ছাত্র সংখ্যা ৩৫০ জন। সরকারী শিক্ষক ১ জন। অপরদিকে ওই স্কুলের শিক্ষা সচল রাখার জন্য এলাকার জনসাধারণ তাদের নিজস্ব অর্থানুকূল্যে ৩ শিক্ষককে সামাজিক ব্যবস্থাপনায় বিদ্যালয়ে শিক্ষকতায় নিযুক্ত রেখেছেন। এতে করে এ বিদ্যালয় থেকে প্রায় প্রতিবছর উল্লেখযোগ্য সংখ্যক ছাত্রছাত্রী বৃত্তি পেয়ে থাকে। এ কারণে এ স্কুল ইটনা উপজেলার মধ্যে অন্যতম নামকরা প্রাইমারি স্কুল। সব মিলিয়ে গাজীপুর ইউনিয়নের ৫টি প্রাইমারি স্কুলের ওপর সমীক্ষণে জেলার হাওড় অঞ্চলের প্রাথমিক শিক্ষার প্রকৃত অবস্থার একটি খণ্ড চিত্র মাত্র।